শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

রাজা দায়ূদ
(ভাগ ২)

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Lazarus; Alastair Paterson

অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

দায়ূদ, ইস্রায়েলের দক্ষিণ প্রান্ত যিহূদার রাজা ছিলেন। বাকি রাজ্যে শৌলের পুত্র ঈশবোশৎ রাজত্ব করত। ঘরোয়া লড়াই সাত বছর ধরে চলছিল, কিন্তু দায়ূদ আরও শক্তিশালী হতে লাগল।

অবশেষে ঈশবোশৎ তার দুই সৈন্য দ্বারা হত্যা হল।

তারপর সমস্ত ইস্রায়েল জাতি দায়ূদের কাছে এসে তাকে ইস্রায়েলের রাজারূপে অভিষিক্ত করল।



দায়ূদ প্রথমে জেরুশালেমকে দখল করল। এটা দায়ূদের ঘর হিসাবে পরিচিত হল। শত্রুর হাত থেকে রক্ষা পাওয়ার জন্য শহরটাকে আরও মজবুত করা হল। জেরুশালেম থেকে দায়ূদের সৈন্যরা পলেস্টীয়দের ও জেরুশালেমের শত্রুদের উপর জয় করতে বরিয়ে পড়ল।





পরে দায়ূদ ঈশ্বরের নিয়ম সিন্দুক জেরুশালেমে নিয়ে এল। নিয়ম সিন্দুকের ভেতর দশ আজ্ঞা ও অন্যান্য আইন, যা ঈশ্বর মোশিকে দিয়েছিলেন, সেগুলো ছিল। নিয়ম সিন্দুক ইস্রায়েলীয়দেরকে ঈশ্বরের পবিত্রতা ও প্রয়োজনের সময় তাঁর বাধ্য হওয়ার বিষয়কে স্মরণ করিয়ে দিত।

তার রাজত্বকালের প্রথম দিকে দায়ূদকে অনেক যুদ্ধ লড়তে হয়েছিল। তিনি একজন বিজ্ঞ সৈন্য ও নম্র ব্যক্তি ছিলেন, যিনি ঈশ্বরের নির্দেশের জন্য প্রার্থনা করতেন।

তার থাকার জন্য সুন্দর বাড়ি ছিল, কিন্তু ঈশ্বরের নিয়ম সিন্দুক তাম্বুর ভেতর থাকত, এই বিষয়টা দায়ূদকে কষ্ট দিত। দায়ূদ স্থির করলেন, তিনি একটি মন্দির বানাবেন। ঈশ্বরের ভাববাদী নাথন তাকে বললেন, এই বিষয়ে এগোনো উচিত।

সেই রাতে, ঈশ্বর দায়ূদকে একটি বার্তা দিলেন, “আমার দাস দায়ূদ, ঈশ্বর তোমাকে এক গৃহস্বরূপ করবেন। যখন তোমার দিন সম্পূর্ণ হয়ে যাবে, ও তুমি তোমার পিতার সাথে শায়িত হবে, তখন আমি তোমার ছেলেকে রাজা করব। সে আমার নামে একটা গৃহ বানাবে এবং আমি তাঁর সিংহাসন চিরদিনের জন্য স্থাপন করব।”



দায়ূদ, শৌলের বেঁচে যাওয়া পরিবারকে সাহায্য করতে চাইছিল। তিনি যোনাথনের একমাত্র পুত্র মফীবোশৎকে দেখতে পেলেন, যে খোঁড়া ছিল। দায়ূদ বলল, “সে আমার টেবিলে একজন রাজার মতো সহভাগিতা করুক”। দায়ূদ মফীবোশতের প্রতি দয়ালু ছিলেন, কারণ যোনাথন তার প্রিয় বন্ধু ছিল।

দায়ূদ যতদিন ঈশ্বরকে বিশ্বাস ও মান্য করেছিলেন, ততদিন ঈশ্বর দায়ূদকে সফলতা দিয়েছিলেন। কিন্তু একদিন এক ভয়ানক অন্ধকার দায়ূদের জীবনে নেমে এল। তিনি তার সৈন্যদের যুদ্ধের জন্য পাঠালেন, কিন্তু নিজে জেরুশালেমে থাকলেন।

এক রাতে তিনি
ঘুমাতে পারছিলেন না।
সুতরাং তিনি তার
ছাদের উপরে উঠলেন
ও শহরের চারিদিকে
তাকিয়ে দেখলেন।

দায়ূদ দেখল, এক পরমা সুন্দরী স্নান করছে। তার নাম বৎশেবা। দায়ূদ বৎশেবার সাথে পাপ করল, যদিও তার স্বামী ঊরিয় দায়ূদের একজন সাহসী সৈন্য ছিল। বৎশেবা যখন দায়ূদকে বলল যে, সে তার সন্তানের জন্ম দিতে চলেছে। দায়ূদ বুঝতে পারল যে, তার পাপ একটা বিরাট সমস্যার সৃষ্টি করেছে।





ঈশ্বরের কাছে স্বীকার
করার পরিবর্তে, দায়ূদ তার পাপকে ঢাকতে চেষ্টা করল। এটা কখনই কাজ করে না। তিনি ঊরিয়কে যুদ্ধক্ষেত্র থেকে ঘরে ডেকে পাঠালেন। আশা করছিলেন যে, ঊরিয় ভাববেন যে আগত সন্তান তার ছিল। কিন্তু তার সৈন্যরা যখন যুদ্ধক্ষেত্রে থাকত, তখন ঊরিয় ঘরে থাকত না। ঊরিয় রাজার বাড়ির দরজার কাছে ঘুমাত।

সুতরাং দায়ূদ আর এক বোকামির কাজ করল। তিনি ঊরিয়ক একটি চিঠি ধরিয়ে যুদ্ধক্ষেত্রে পাঠিয়ে দিলেন। চিঠিতে তার প্রধানকে বলা ছিল, ঊরিয় যেন যুদ্ধক্ষেত্র মারা যায়। ঊরিয় যখন মারা গিয়েছিল, দায়ূদ বৎশেবাকে তার স্ত্রী হিসাবে গ্রহণ করলেন।

দায়ূদের পাপকে দেখাতে, ঈশ্বর তার সেবক নাথনকে পাঠালেন। নাথন দায়ূকে একটি ধনী লোক ও একটি গরিব লোকের গল্প বললেন। ধনী ব্যক্তির একশোটি ভেড়া ছিল, কিন্তু গরিব লেকটির মাত্র একটি ভেড়া, যেটাকে সে তার মেয়ের মতো রেখেছিল।

একজন আত্মীয় যখন ধনী ব্যক্তির কাছে এল, ধনী ব্যক্তি তাকে খাওয়ানোর জন্য তার মেষশাবককে হত্যা করল না, পরিবর্তে গরিব লোকটির মেষশাবককে হত্যা করল।

দায়ূদ ধনী ব্যক্তির স্বার্থপরতা দেখে খুব ক্রুদ্ধ হয়েছিল। তিনি চিৎকার করে উঠলেন, “যে মানুষটি এই কাজ করেছে, তার অবশ্যই মৃত্যু হওয়া আবশ্যক”।

সাহসী নাথন দায়ূদকে বলল, “আপনিই সেই ব্যক্তি”। গল্পে ধনী ব্যক্তি যা করেছিল, দায়ূদ তার থেকে অধিকতর মন্দ কাজ করেছিল।

ঈশ্বর দায়ূদকে দেখালেন যে, সে কত দুষ্ট ছিল। এবং দায়ূদ তার পাপের জন্য দুঃখিত ছিল। সে ঈশ্বরকে বলল, “তোমার বিরুদ্ধে আমি পাপ করেছি এবং এই জঘন্য কাজ করেছি” এবং ঈশ্বর দায়ূদের পাপ ক্ষমা করলেন। কিন্তু বৎশেবার সন্তান অনেক দুর্বল ছিল এবং জন্মানোর পরেই সে মারা গেল।

ঈশ্বর দায়ূদকে তার ভয়ানক পাপের জন্য ক্ষমা করলেন। তারপর বৎশেবা আবার একটি সন্তানের জন্ম দিল। তার নাম শলোমন, যে দায়ূদের পরে একজন বিরাট রাজা হয়েছিল। কিন্তু দায়ূদের আরও অনেক সন্তান ছিল, তাদের মধ্যে অনেকে তাকে দুঃখ দিয়েছিল।

রাজা দায়ূদ (ভাগ ২)

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

২শমূয়েল ১-১২

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬